

স্মারক নম্বর : ৪১.০১.০৩৭৩.০০০.১৬.০৯৫.১২.২৪৯

তারিখ : ০১/০৮/২০২২ খ্রি:

অসম্ভল প্রতিবন্ধী ভাতার আবেদনের নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সমাজসেবা অধিদফতরের পরিচালনাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় অত্র বান্দরবান পার্বত্য জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলা সমাজসেবা কার্যালয়ের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিরা ভাতা, অসম্ভল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীদের বিশেষ বয়স্ক ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি পরিচালিত হয়ে আসছে। চলমান ভাতা কর্মসূচির মধ্যে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিরা ভাতা গত অর্থ বছরে শতভাগ উন্নীত করা হয়েছে। বর্তমানে ২০২২-২৩ অর্থ বছরে অত্র নাইক্ষ্যংছড়ি উপজেলার বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদান বিদ্যমান প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে প্রতিবন্ধী পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) পরিচয় পত্রধারীদের সমাজসেবা অধিদফতরের [wed based\(mis.bhata.gov.bd/onlineApplication\)](http://wedbased(mis.bhata.gov.bd/onlineApplication)) এ ওয়েবসাইটে অনলাইনে আগামী ১০ আগস্ট ২০২২ খ্রি: হতে ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

আপনার পাশে যেই কোনো স্ব-স্ব ইউনিয়ন ডিজিটাল সেন্টার অথবা কম্পিউটার অনলাইন কাজ করেন এমন দোকান হতে ভাতার আবেদন করা যাবে।

আবেদনের শর্তাবলী:

১. আগ্রহী আবেদনকারীকে অবশ্যই অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক) কার্ড থাকতে হবে।
৩. আবেদনকারীর বা অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর বিকাশ হিসাব খোলাসহ(ইতিমধ্যে কোন ভাতাভোগী ব্যবহৃত হয়নি এমন বিকাশ নম্বর)
৪. আবেদনের শেষ তারিখ ১০/০৯/২০২২ খ্রি:
৫. বর্তমানে যারা প্রতিবন্ধী ভাতা পাচ্ছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৬. অনলাইন আবেদন ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।


(সফিকুল ইসলাম)


উপজেলা সমাজসেবা কর্মকর্তা (অঃদাঃ)
ফোন-০৩৬১-৪১০২১ (অফিস)
usso.nakhoyngchari@dss.gov.bd

স্মারক নম্বর : ৪১.০১.০৩৭৩.০০০.১৬.০৯৫.১২.২৪৯/০১(০৫)

তারিখ : ০১/০৮/২০২২ খ্রি:

অনুলিপি:

- ০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
- ০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৪। জনাব/জনাবা ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৫। সংরক্ষিত নথি।


উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।